

পড়িনু ধরা, সংসারেতে  
করিতে তব কাজ—  
কেমনে মুখ সমুখে তব  
তুলিব আমি আজ ॥

জানিনে নাথ, আমার ঘরে  
ঠাঁই কোথা যে তোমারি তরে,  
নিজেরে তব চরণপরে  
সঁপিনি রাজরাজ ।  
তোমারে চেয়ে দিবস যামী  
তোমারি পানে তাকাই আমি,  
তোমারে চোখে দেখিনে স্বামী  
তব মহিমা মাঝ,—  
কেমনে মুখ সমুখে তব  
তুলিব আমি আজ ॥

---

সবার মাঝারে তোমারে স্বীকার করিব হে ।  
সবার মাঝারে তোমারে হৃদয়ে বসিব হে ॥  
শুধু আপনার মনে নয়,  
আপন ঘরের কোণে নয়,

## গান

শুধু আপনার রচনার মাঝে নহে ;  
তোমার মহিমা যেথা উজ্জ্বল রহে  
সেই সবামাঝে তোমারে স্বীকার করিব হে ।  
দ্যালোকে ভুলোকে তোমারে হৃদয়ে বরিব হে  
সকলি তেয়াগি তোমারে স্বীকার করিব হে ।  
সকলি গ্রহণ করিয়া তোমারে বরিব হে ॥  
কেবলি তোমার স্তবে নয়,  
শুধু সঙ্গীতরবে নয়,  
শুধু নিৰ্জ্জনে ধ্যানের আসনে নহে :  
তব সংসার যেথা জাগ্রত রহে,  
কর্মে সেথায় তোমারে স্বীকার করিব হে ।  
প্রিয়ে অপ্রিয়ে তোমারে হৃদয়ে বরিব হে ॥  
জানি না বলিয়া তোমারে স্বীকার করিব হে,  
জানি বলে' নাথ, তোমারে হৃদয়ে বরিব হে,  
শুধু জীবনের স্তখে নয়,  
শুধু প্রফুল্ল মুখে নয়,  
শুধু সূদিনের সহজ স্তযোগে নহে—  
দুখশোক যেথা আঁধার করিয়া রহে  
নত হ'য়ে সেথা তোমারে স্বীকার করিব হে ।  
নয়নের জলে তোমারে হৃদয়ে বরিব হে ॥